# Standard Operating Procedure for "KrishakBandhu" Scheme of the Agriculture Department (Ref: "Duare Sarkar" Campaign)

**Scheme objective:**

1. To support farmers financially during pre-production stage by providing production input purchase assistance
2. To give income protection to farm-families in case of farmer's untimely demise.

**Scheme components:**

There are two components of the scheme:
a) "Krishak Bandhu" (Assured Income) scheme and
b) "Krishak Bandhu"( Death Benefit) scheme.

**Scheme benefits:**

a) In Krishak Bandhu (Assured Income) scheme every farmer having **ROR** and **recorded Bhagchasi** (Share-cropper) will be eligible to get financial support of Rs. 5000/- per year for one acre or more of cultivable land owned. Farmers having less than one acre of land will be eligible for assistance on pro rata basis subject to a **minimum of Rs. 2000/- per farmer per year.** The **financial support under the Scheme is** payable in two equal installments, first during **Kharif** and second during **Rabi** season in each year.

b) In Krishak Bandhu (Death Benefit) scheme, in the event of death of a farmer /recorded Bhagchasi (Share-cropper) in the age group of 18 - 60 years, the legal heirs of the deceased will be eligible for one time grant of Rs. 2,00,000/-(Rupees Two Lakh) only. The legal heir will be determined by the BDO as per the set procedure.

## Standard Operating Procedure (SOP) for Krishak Bandhu (Assured Income) Scheme :

***Eligibility Criteria:*** All farmers having cultivable land with RoR, Patta or Forest Patta and recorded [in RoR] Bhagchasi (Share-cropper), are eligible for getting assistance under this scheme.

***Process flow forregistration at GP Level Camps:***

1. The farmer is to fill up and submit application form in the GP where he has maximum land holding.
2. The farmer has to submit photocopies of the following documents at the time of application and also produce the original for verification:
    - Latest RoR of Cultivable Land/ RoR recorded with Barga / Patta Record/ Forest Patta
    - Valid Voter ID card (mandatory)
    - ADHAR Card (optional)
    - Bank pass book 1st page/ Cancelled Cheque
    - One passport size recent photograph (original).
    - Valid mobile phone number.
3. The Farmer whose application is accepted at the camp will be verified online using Krishak Bandhu (KB) App (depending on availability of internet connectivity) and the applicant will be issued an Acknowledgement Slip on the spot.

***Process flow of approval of the application:***

1. In case digitization of physical applications is not possible at the Duare Sarkar camp, the same will be digitized at the office of the Assistant Director of Agriculture (ADA) of the Block using the KB App and an Acknowledgement ID will be automatically generated for every applicant in the KB Portal.
2. The ADA will verify the application details and land details.
3. After checking, if the details are found to be correct, the ADA will approve the case and thereby the enrolment will get completed. If the details are incorrect, he will reject the application and file it. The applicant will get a system generated **sms** stating the reason for rejection.
4. Approved and Rejected farmer database will be saved in the KB Portal.

**Payment of Assitance:**

1. The List of all enrolled farmers as on the cut-off-date for the particular season (Kharif or Rabi) is downloaded from the KB Portal by Webel and provided to the West Bengal State Co-operative Bank Ltd. (WBSCBL) for DBT of assistance.
2. The WBSCBLwill verify the Bank Account details of the farmers and transfer the assistance to the Bank Accounts of the beneficiaries through online DBT method.
3. The invalid Bank Account details, if any, are sent back to the ADA for correction.

## FAQ for Krishak Bandhu (AI) Scheme:

1. *Who is eligible to get benefit of the scheme?*
   *Ans: Any farmer having ROR in his name or recorded [in the RoR] Bhagchasi (share-cropper).*

2. *Which documents are required for application?*
   *Ans.: Voter ID, RoR, Bank pass book 1st page/ Cancelled Cheque (Originals for verifications] & one photocopy) and recent passport size photograph.*

3. *Will Farmers get any acknowledgementafter submission of the Application?*
   *Ans. Yes, they will get the Acknowledgement Slip.*

4. *How much is the Extent of Assistance?*
   *Ans. Maximum of Rs. 5000/- and a minimum of Rs. 2000/- per year (paid in two installments of 50% of the approved assistance).*

5. *What will be the Mode of Payment?*
   *Ans. Through DBT in the Bank A/c of the Beneficiary.*

6. *Will the Farmers get assistance in Filling up of the Application Form?*
   *Ans. Yes, Bengali (vernacular) Forms will be available at the camp which can be filled up with the help of the Govt. designated persons.*

## Standard Operating Procedure (SOP) for Krishak Bandhu (Death Benefit) Scheme.

**Eligibility criteria**: In the event of the death of any farmer or a recorded Bhagchasi (Share Cropper) in the age group of 18 – 60 years, the legal heir of the deceased will be eligible to get a one-time grant of Rs. 2,00,000/- (Rupees two lakhs only).

**Process flow for application at GP Level Camps:**

- Claimaint(s) can collect the application form from the Duare Sarkar camp.
- Duly filled up application in the prescribed form addressed to the Assistant Director of Agriculture (ADA) of the Block should be submitted along with following documents:

  i) Photocopy of the Identity of the deceased farmer/recorded Bhagchasi (Voter Id/Aadhar card/Pan card/Passport).
  ii) Photocopy of death certificate of the deceased farmer/recorded Bhagchasi,
  iii) Elligible Claimaint(s) certificate(s) from the B.D.O.
  iv) ROR of the deceased farmer/recorded Bhagchasi
  v) Self declaration of the claimaint(s) in a specified format (available at the camp). In case of juvenile claimaint(s) his/her legal guardian's declaration will also be required on the self declaration form.

**Process flow of approval of the application:**

i) The ADA of the block will scrutinize the application to satisfy himself about its genuineness and completeness. If found in order, the ADA will forward the application with all documents to the Assistant Director of Agriculture(Admn.) of the Subdivision.

ii) The ADA(Admn.) will sanction the application after necessary checks and send the case to the Director of Agriculture & EoS through Deputy Director of Agriculture(Admn.) of that district for payment of grant.

iii) The DAWB & EoS will issue instructions to the West Bengal State Co-operative Bank Ltd. (WBSCBL) to disburse the grant.

iv) The WBSCBL will transfer the approved amount of the grant to the respective claimants in their respective bank accounts through DBT.

## FAQ for Krishak Bandhu (DB) Scheme:

1. Where can the applicants get the prescribed application form?

   Ans. Claimaint(s) can collect the same from the Duare Sarkar camp or may download it from the website www.matirkatha.gov.in or www.matirkatha.net.

2. Who will issue the legal claimaint(s) certificate(s)?

   Ans. BDO of the Block.

3. Can application form be submitted in the camp?

   Ans. Yes.

4. If there are more than one claimant, will each claimant get Rs. 2,00,000/- ?

   Ans. No.

   The total grant amount will be Rs.2,00,000/- (Rupees two lakh only) per family and will be divided among the claimants as per “Elligible Claimant certificate” issued by the BDO.

# কৃষি বিভাগের "কৃষক বন্ধু" প্রকল্পের প্রামাণ্য কার্যপ্রণালী
# ("দুয়ারে সরকার" অভিযান)

**প্রকল্পের উদ্দেশ্য:**

১) চাষ শুরুর আগে কৃষকদের কৃষি উপকরণ ক্রয়ের জন্য সহায়তা।

২) অসময়ে কৃষকের মৃত্যুতে তাঁর পরিবারকে আর্থিক সুরক্ষা প্রদান।

**প্রকল্পের অংশ:**

ক) "কৃষক বন্ধু" (সুনিশ্চিত আয়) প্রকল্প
খ) "কৃষক বন্ধু" (মৃত্যুজনিত সহায়তা) প্রকল্প

**প্রকল্পের সুবিধা:**

ক) "কৃষক বন্ধু" (সুনিশ্চিত আয়) প্রকল্পে নথিভুক্ত কৃষক ও ভাগচাষী এক একর বা তার অধিক কৃষিযোগ্য জমির জন্য বছরে ৫০০০/- টাকা সহায়তা পাওয়ার যোগ্য। এক একরের কম জমির জন্য আনুপাতিক হারে সহায়তা পাবেন। তবে বছরে নূন্যতম ২০০০/- টাকা পাবেন। এই টাকা দুই কিস্তিতে পাবেন। প্রথমটি খরিফ মুরশুমে ও দ্বিতীয় কিস্তি রবি মুরশুমে।

খ) "কৃষক বন্ধু" (মৃত্যুজনিত সহায়তা) প্রকল্পে ১৮ থেকে ৬০ বছর বয়সের কৃষক বা নথিভুক্ত ভাগচাষীর মৃত্যুতে তাঁর আইন সম্মত উত্তরাধিকারী (রা) এককালীন দুই লক্ষ টাকা সহায়তা পাওয়ার যোগ্য। সংশ্লিষ্ট ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক আইন সম্মত উত্তরাধিকারী নির্ধারণ করে দেবেন।

## "কৃষকবন্ধু" (সুনিশ্চিত আয়) প্রকল্পের প্রামাণ্য কার্যপ্রণালী

**প্রকল্পটির অধীনে আসার যোগ্যতা:**

কৃষকদের নিজ নামে কৃষিযোগ্য জমির পরচা / পাট্টা / বনবিভাগের পাট্টা থাকতে হবে অথবা নিবন্ধীকৃত ভাগচাষী হতে হবে।

**গ্রাম পঞ্চায়েত স্তরে নিবন্ধীকরণের পদ্ধতি:**

১) যে গ্রাম পঞ্চায়েতে সর্বাধিক কৃষিজমি আছে কৃষকদের সেইখানে নিবন্ধীকৃত হতে হবে।

২) কৃষককে নিম্নলিখিত মূল নথি দেখাইয়া একটি করে প্রতিলিপি দরখাস্তের সাথে যুক্ত করে দিতে হবে।

- সাম্প্রতিক চাষযোগ্য জমির পরচা / বর্গা নিবন্ধীকরণের নথি / পাট্টা বা বনবিভাগের পাট্টার নথি।
- বৈধ ভোটার কার্ড (আবশ্যিক)
- আধার কার্ড (ঐচ্ছিক)
- ব্যাঙ্ক পাসবুক / বাতিল ব্যাঙ্ক চেক
- পাসপোর্ট সাইজের সাম্প্রতিক একটি ছবি
- চালু মোবাইল ফোন নাম্বার

৩) কৃষকের দরখাস্ত গৃহীত হলে "কৃষক বন্ধু" আপের মাধ্যমে যাচাই করা হবে (ইন্টারনেট সংযোগ উপলব্ধ হলে) এবং তাঁকে প্রাপ্তি স্বীকার রসিদ দেওয়া হবে।

**দরখাস্ত অনুমোদনের পদ্ধতি:**

১) "দুয়ারে সরকার" শিবিরে দরখাস্তের ডিজিটাইজেশন সম্ভব না হলে (ইন্টারনেট সংযোগের অভাবে) সেটি সংশ্লিষ্ট ব্লক কৃষি দপ্তরে "কৃষক বন্ধু" আপের মাধ্যমে ডিজিটাইজড করে একনলেজমেন্ট আই ডি সংগ্রহ করে "কৃষক বন্ধু" পোর্টালে সংযুক্ত করা হবে।

২) সংশ্লিষ্ট সহকৃষি অধিকর্তা দরখাস্তের বিশদ তথ্য যাচাই করবেন।

৩) দরখাস্তের সব তথ্য সঠিক হলে সহ কৃষি অধিকর্তার অনুমোদনের পরে সেটি নিবন্ধীকৃত হবে। যদি দরখাস্তের বিবরণ সঠিক না হয় সেটি বাতিল হবে এবং দরখাস্তকারী বাতিলের কারণ এস.এম.এস এর মাধ্যমে জানতে পারবেন।

৪) অনুমোদিত ও বাতিল কৃষকদের তথ্য "কৃষক বন্ধু" পোর্টালে রক্ষিত থাকবে।

**সহায়তা প্রদানের পদ্ধতি:**

১) প্রতি মুরশুমের (খরিফ বা রবি) স্থিরিকৃত একটি দিন পর্যন্ত নথিভুক্ত উপভোক্তাদের তালিকা "কৃষক বন্ধু" পোর্টাল থেকে সংগ্রহ করে ওয়েবেল পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্কের কাছে সরাসরি সহায়তা প্রদানের জন্য পাঠাবেন।

২) পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্ক উপভোক্তাদের ব্যাঙ্ক একাউন্ট যাচাই করে অনলাইনে সরাসরি উপভোক্তাদের ব্যাঙ্ক একাউন্টে টাকা প্রদান করবেন।

৩) ভুল ব্যাঙ্ক একাউন্ট সংশ্লিষ্ট সহকৃষি অধিকর্তার কাছে সংশোধনের জন্য পাঠানো হবে।

**প্রায়শ জিজ্ঞাস্য প্রশ্ন:**

১) কে এই প্রকল্পে সহায়তা পাওয়ার যোগ্য?
**উত্তর:** নিজ নামে পরচা থাকা যে কোনো কৃষক ও নথিভুক্ত ভাগচাষী।

২) দরখাস্তের সাথে কি কি নথি যুক্ত করতে হবে?
**উত্তর:** ভোটার কার্ড, পরচা, ব্যাঙ্ক পাসবুকের প্রথম পাতা / বাতিল চেক (যাচাই এর জন্য মূল নথি সঙ্গে আনতে হবে) এর একটি করে প্রতিলিপি এবং পাসপোর্ট সাইজের সাম্প্রতিক একটি ছবি।

৩) দরখাস্তকারী কি প্রাপ্তি স্বীকারের রসিদ পাবেন?
**উত্তর:** হ্যাঁ, তাঁরা প্রাপ্তি স্বীকারের রসিদ পাবেন।

৪) কত টাকা সহায়তা পাবেন?
**উত্তর:** প্রতি বছরে সর্বাধিক ৫০০০/- টাকা ও সর্বনিম্ন ২০০০/- টাকা পাবেন। অনুমোদিত সহায়তার পরিমাণের ৫০% করে দুই সমান কিস্তিতে পাবেন।

৫) কি রূপে টাকা পাবেন?

**উত্তর:** উপভোক্তাদের ব্যাঙ্ক একাউন্টে সরাসরি টাকা ঢুকে যাবে (DBT)।

৬) কৃষকরা কি দরখাস্ত পূরণের ব্যাপারে কোনো সাহায্য পাবেন?

**উত্তর:** হ্যাঁ, বাংলায় ছাপা দরখাস্ত শিবির থেকেই পাওয়া যাবে এবং সরকার মনোনীত ব্যক্তি দরখাস্ত পূরণে সাহায্য করবেন।

## কৃষক বন্ধু (মৃত্যুজনিত সহায়তা) প্রকল্পের প্রামাণ্য কার্যপ্রণালী

**প্রকল্পটির অধীনে আসার যোগ্যতা:**

এই প্রকল্পে ১৮ থেকে ৬০ বছর বয়সী কৃষক অথবা নথিভুক্ত ভাগচাষীর মৃত্যু হলে তাঁর আইন সম্মত উত্তরাধিকারী (গণ) এককালীন দুই লক্ষ টাকা সহায়তা পাওয়া যোগ্য হতে পারেন।

**গ্রাম পঞ্চায়েত স্তরে আবেদন করার পদ্ধতি:**

- যোগ্য দাবিদার (গণ) "দুয়ারে সরকার" শিবির থেকে আবেদন পত্র পাবেন।
- নিম্নলিখিত নথিসহ পূরণ করা আবেদন পত্র ঐ শিবিরে জমা দেবেন-

  ১) মৃত কৃষক বা নথিভুক্ত ভাগচাষীর সচিত্র পরিচয় পত্রের প্রত্যায়িত প্রতিলিপি (ভোটার কার্ড / আধার কার্ড / প্যান কার্ড / পাসপোর্ট প্রভৃতি)

  ২) মৃত ব্যক্তির মৃত্যুর শংসাপত্রের প্রতিলিপি।

  ৩) সংশ্লিষ্ট ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক আইন সম্মত উত্তরাধিকারী (গণ) এর শংসাপত্র দেবেন।

  ৪) মৃত কৃষক বা নথিভুক্ত ভাগচাষীর নামে জমির সাম্প্রতিক পরচার প্রত্যায়িত প্রতিলিপি।

  ৫) দাবিদার (গণ) শিবিরে সরবরাহ করা স্বঘোষণা পত্র দরখাস্তের সাথে জমা দেবেন। নাবালক আবেদনকারীর ক্ষেত্রে স্বঘোষণা পত্রের সাথে স্বাভাবিক / আইন সম্মত অভিভাবকের ঘোষণাপত্র পেশ করতে হবে।

  (মূল নথি যাচাই এর জন্য সঙ্গে আনতে হবে)

**দরখাস্ত অনুমোদনের পদ্ধতি:**

১) নথিসহ পরীক্ষার পরে দরখাস্তটি সম্পূর্ণ ও যথাযথ হলে সংশ্লিষ্ট সহ কৃষি অধিকর্তা আবেদনপত্রটি সেই মহকুমার সহ কৃষি অধিকর্তা (প্রশাসন) এর কাছে পাঠাবেন।

২) সহ কৃষি অধিকর্তা (প্রশাসন) আবেদনপত্রটি যথাযথ ভাবে পরীক্ষার পর অনুমোদন করে সম্পূর্ণ তথ্যসহ সেই জেলার উপ কৃষি অধিকর্তা (প্রশাসন) এর মাধ্যমে রাজ্যস্তরে পাঠাবেন।

৩) রাজ্যস্তরে কৃষি অধিকর্তা দাবিদার (গণ) এর ব্যাঙ্ক একাউন্টে সরাসরি সহায়তা প্রদানের (DBT) জন্য পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাংকে নির্দেশ পাঠাবেন।

৪) পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্ক অনুমোদিত অর্থ দাবিদার (গণ) এর ব্যাঙ্ক একাউন্টে অনলাইনে সরাসরি পাঠিয়ে দেবেন।

**প্রায়শ জিজ্ঞাসা প্রশ্ন:**

১) নির্দিষ্ট আবেদনপত্র আবেদনকারী (গণ) কোথায় পাবেন?

**উত্তর:** আবেদন পত্র "দুয়ারে সরকার" শিবির থেকে পাবেন। এছাড়াও www.matirkatha.gov.in অথবা www.matirkatha.net ওয়েবসাইট থেকেও সংগ্রহ করতে পারবেন।

২) কে আইনসম্মত উত্তরাধিকারী (গণ) এর শংসাপত্র দেবেন?

**উত্তর:** সংশ্লিষ্ট ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক (BDO) দেবেন।

৩) "দুয়ারে সরকার" শিবিরে কি আবেদনপত্র জমা দেওয়া যাবে?

**উত্তর:** হ্যাঁ, ঐ শিবিরেই আবেদনপত্র জমা করা যাবে।

৪) যদি দাবিদার একাধিক হয় তাহলে কি প্রতি দাবিদার দুই লক্ষ টাকা পাবেন?

**উত্তর:** না, মৃতের পরিবার সর্বমোট দুই লক্ষ টাকা পাবেন। একাধিক দাবিদার থাকলে ঐ দুই লক্ষ টাকা নথি অনুযায়ী দাবিদারদের মধ্যে ভাগ করে দেওয়া হবে।